

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭

তারিখঃ আষাঢ় ২০, ১৪২৮
জুলাই ০৪, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই
(CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (সিএমএসএমই) ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে 'চলতি মূলধন ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রবর্তনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

০৩। সিএমএসএমই খাতে বর্তমানে প্রবর্তিত ২০(বিশ) হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতের উদ্যোক্তাদের ঋণ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে বিদ্যমান 'ওয়ার্কিং ক্যাপিটাল' এর পরিবর্তে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের অনুকূলে 'ঋণ' সুবিধা প্রবর্তন এবং মাঝারি খাতের উদ্যোক্তাদের অনুকূলে 'ওয়ার্কিং ক্যাপিটাল' সুবিধা প্রবর্তন করা যাবে মর্মে অর্থ মন্ত্রণালয় হতে জানানো হয়েছে।


০৪। এক্ষণে, উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদের অনুকূলে বিদ্যমান 'চলতি মূলধন ঋণ/বিনিয়োগ' এর পাশাপাশি মেয়াদী 'ঋণ/বিনিয়োগ' সুবিধা প্রদান করা যাবে। তবে, এক্ষেত্রে ঋণ/বিনিয়োগ গ্রহণের পর ০১(এক) বছর সুদ/মুনাফার ভর্তুকী প্রাপ্য হবে। মাঝারি খাতের (Medium Enterprise) উদ্যোক্তাগণ পূর্বের নিয়মেই শুধুমাত্র চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা অত্র প্রণোদনা প্যাকেজ হতে প্রাপ্য হবেন এবং তাদের ক্ষেত্রেও সুদ ভর্তুকীর সুবিধা ০১(এক) বছর বলবৎ থাকবে।

০৫। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার এবং এর ধারাবাহিকতায় জারিকৃত অপরাপর সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(হসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২